ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন (DECE) বিশ্বাস করে যে উচ্চ-মানসম্পন্ন ফ্যামেলি চাইল্ড কেয়ার (FCC) নেটওয়ার্ক ও প্রোগ্রাম...

1. **ভিন্নতাকে সম্মান এবং মূল্য দেয়।** নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল এবং নেটওয়ার্ক সংশ্লিষ্ট FCC শিক্ষা প্রদানকারী দল একটি কমিউনিটি প্রতিষ্ঠার মাধ্যমে আস্থা তৈরি করে যেখানে শিক্ষার্থী, পরিবার এবং স্টাফরা স্বাগত এবং অন্তর্ভূক্ত বোধ করে, বরণ করে নেয় বিভিন্ন প্রকার বৈচিত্র্যময়তা- এর মাঝে অন্তর্ভূক্ত, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়: বর্ণ, গোত্র, আর্থসামাজিক অবস্থান, বাড়ির ভাষা, জাতি, অভিবাসনগত স্ট্যাটাস, সামর্থ্য, বিশেষ চাহিদা, ধর্ম, লিঙ্গ, লৈঙ্গিক প্রকাশ, যৌন অভিব্যক্তি, আবাসনগত অবস্থা, এবং সাংস্কৃতিক পটভূমি এবং অভিজ্ঞতা। {আস্থা}

2. **নিরাপদ এবং ইতিবাচক পরিবেশ তৈরি করে।** নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল এবং নেটওয়ার্ক সংশ্লিষ্ট FCC শিক্ষা প্রদানকারী দল শিক্ষার্থী, পরিবার এবং স্টাফদের জন্য স্বাস্থ্যকর, যত্নশীল, এবং ভবিষ্যৎবাচ্য পরিবেশ তৈরী করে। {সহায়ক পরিবেশ}

3. **খেলাচ্ছলে শেখা এবং সংবেদনশীল পরিচর্যাকে অগ্রসর করে।** নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল এবং নেটওয়ার্ক সংশ্লিষ্ট FCC শিক্ষা প্রদানকারী দল শিক্ষার্থীদের বিভিন্ন খেলা-ভিত্তিক এবং ক্রমবিকাশী যথাযথ শিক্ষা অভিজ্ঞতায় সম্পৃক্ত করে, এবং শিক্ষার্থী যেসব বিষয়ে ভাল, তার পছন্দ, এবং প্রয়োজনের উপর ভিত্তি করে শিক্ষা নির্দেশনা নিশ্চিত করবে। {কঠোর শিক্ষানির্দেশনা}

4. **প্রাথমিক সেবা প্রদানকারী, শিক্ষক এবং পক্ষসমর্থক হিসেবে পরিবারের ভূমিকা প্রচার করে।** নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল এবং নেটওয়ার্ক সংশ্লিষ্ট FCC শিক্ষা প্রদানকারী দল পরিবার এবং কমিউনিটির সাথে সম্পর্ক তৈরী করে যেন শিশুদের বিকাশ এবং পূরো পরিবারের মঙ্গলের জন্য অর্থবহ সূযোগ এবং রিসোর্স প্রদান করতে পারে। {দৃঢ় পরিবার-কমিউনিটি বন্ধন}

5. **অব্যহত মান উন্নয়নের লক্ষ্যে একযোগে কাজ করে।** নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল এবং নেটওয়ার্ক সংশ্লিষ্ট FCC শিক্ষা প্রদানকারী দল ড্যাটা ব্যবহার করে যেন পরিবার এবং কমিউনিটির সাথে অংশিদারিত্বের মাধ্যমে নেটওয়ার্ক এবং প্রোগ্রামের মান উন্নত করা যায়। {সহযোগিতামূলক শিক্ষকবৃন্দ}

6. **কৌশলগত নেতৃত্ব প্রদর্শন করে।** নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল এবং নেটওয়ার্ক সংশ্লিষ্ট FCC শিক্ষা প্রদানকারী দল একটি অংশিদারত্বের মান সংক্রান্ত দর্শন প্রচার ও সম্পাদন করার জন্য সাংগঠনিক সংস্কৃতি, কাঠামো, এবং রিসোর্স প্রস্তুত এবং ব্যবহার করে। {কার্যকর স্কুল নেতৃত্ব}

**1. উচ্চ-মানের প্রোগ্রামসমূহ ভিন্নতাকে সম্মান এবং মূল্য দেয়।**

নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল এবং নেটওয়ার্ক সংশ্লিষ্ট FCC শিক্ষা প্রদানকারী দল একটি কমিউনিটি প্রতিষ্ঠার মাধ্যমে আস্থা তৈরি করে যেখানে শিক্ষার্থী, পরিবার এবং স্টাফরা স্বাগত এবং অন্তর্ভূক্ত বোধ করে, বরণ করে নেয় বিভিন্ন প্রকার বৈচিত্র্যময়তা- এর মাঝে অন্তর্ভূক্ত, কিন্ত এতেই সীমাবদ্ধ নয়: বর্ণ, গোত্র, আর্থসামাজিক অবস্থান, বাড়ির ভাষা, জাতি, অভিবাসনগত স্ট্যাটাস, সামর্থ্য, বিশেষ চাহিদা, ধর্ম, লিঙ্গ, লৈঙ্গিক প্রকাশ, যৌন অভিব্যক্তি, আবাসনগত অবস্থা, এবং সাংস্কৃতিক পটভূমি এবং অভিজ্ঞতা। {আস্থা}

**নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল...**

**দৃষ্টান্ত:** নেটওয়ার্ক ডিরেক্টর, এডুকেশ ডিরেক্টর, এক্সিকিউটিভ ডিরেক্টর, বোর্ড অভ ডিরেক্টরগণ, সত্তাধিকারী, শিক্ষানির্দেশনা কোচ, মানসিক স্বাস্থ্য পেশাদার, ফ্যামেলি সাপোর্ট স্টাফ।

**1.1** আস্থার পরিবেশ, একাত্মতা, এবং অংশিদারিত্ব লালন করে যেখানে সকল ছেলেমেয়ে, পরিবার এবং FCC শিক্ষকদের দল, এবং স্টাফরা প্রোগ্রামে স্বাগত এবং অন্তর্ভূক্ত বোধ করবে।

**1.2** সাংস্কৃতিক দিক দিয়ে সংবেদনশীল শিক্ষানির্দেশনা ও পরিবার সংশ্লিষ্টতায় সহায়তা দিতে প্রশিক্ষণ ও তথ্য-উপকরণ যোগান দেয় এবং শিক্ষণ পরিবেশ যে সাংস্কৃতিক ও ভাষাগত দিক দিয়ে বৈচিত্র্যমণ্ডিত শিক্ষণ উপকরণসমৃদ্ধ, সেটা নিশ্চিত করে।

**1.3** প্রোগ্রামে ও কম্যুনিটিতে কাঠামোগত বর্ণবাদ ও পরোক্ষ পক্ষপাত বিষয়ে চিন্তাভাবনায় ও কাঠামোগত বর্ণবাদ সংক্রান্ত সমস্যা মোকাবেলায় FCC শিক্ষকতা দল ও স্টাফদের জন্য দৃষ্টান্ত উপস্থাপন ও সহায়তা প্রদান করে।

**1.4** শিক্ষার্থী, পরিবার, FCC প্রদানকারী, এবং স্টাফ সংগ্রহ করে, যারা তাদের পরিষেবাপ্রাপ্ত কমিউনিটির পরিচিতি ও অভিজ্ঞতা নিয়ে চিন্তাভাবনা করে।

**1.5** সকল ছেলেমেয়ে ও পরিবারের জন্য অন্তর্ভূক্তিমূলক এবং ন্যায়সঙ্গত সুযোগ ও সাফল্য বৃদ্ধির জন্য প্রোগ্রামের সহায়সঙ্গতি বরাদ্দ দেওয়া।

**1.6** NYCDOE, অন্যান্য এজেন্সি, এবং কমিউনিটি পার্টনারদের সাথে কাজ করে নিশ্চিত করে যেন সকল ছেলেমেয়ে ও পরিবারদের চাহিদা অনুযায়ী সেবা, রিসোর্স, এবং তাদের প্রয়োজনীয় সহযোগিতা পেতে পারে।

**FCC শিক্ষা প্রদানকারী দল...**

**দৃষ্টান্ত:** অনসাইট প্রভাইডার, সহকারী, অন্যান্য স্টাফ যাদের মধ্যে আছে: সাবস্টিটিউট (বিকল্প), ভলান্টিয়ার, কনসাল্ট্যান্ট এবং ইন্টার্নগণ্

**1.7** আস্থার একাত্মতা, এবং অংশিদারিত্বের পরিবেশ লালন করে যেখানে শিক্ষার্থী, পরিবার এবং অন্যান্য স্টাফরা শিক্ষণ পরিবেশে স্বাগত এবং অন্তর্ভূক্ত বোধ করবে।

**1.8** সাংস্কৃতিকভাবে সংবেদনশীল শিক্ষানির্দেশনা এবং পারিবারিক সংশ্লিষ্টতার চর্চা গ্রহণ করবে, এবং সাংস্কৃতিক এবং ভাষাগতভাবে বৈচিত্র্যময় শিক্ষা উপাদানে সংশ্লিষ্ট হতে শিক্ষার্থীদের উৎসাহ দেবে।

**1.9** শিক্ষণ পরিবেশে কাঠামোগত বর্ণবাদ এবং পরোক্ষ পক্ষপাতের প্রভাব নিয়ে অব্যাহতভাবে চিন্তাভাবনার এবং ব্যবস্থাগ্রহণের চেষ্টা করবে।

**1.10** কৌশল এবং কার্যক্রম পার্থক্যকরণ করা যেন শিক্ষণ পরিবেশের সকল শিক্ষার্থীর একক চাহিদা পূরণ করা যায়, এবং একাধিক উপায়ে শেখা যায় তা প্রদর্শনের সুযোগ শিক্ষার্থী প্রদান করে।

**1.11** প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দলের সাথে একযোগে কাজ করে নিশ্চিত করে, যেন সকল ছেলেমেয়ে এবং পরিবার তাদের চাহিদা অনুযায়ী সেবা, রিসোর্স, এবং সহযোগিতা পেতে পারে।

**2. উচ্চ-মানসম্পন্ন প্রোগ্রাম নিরাপদ এবং ইতিবাচক পরিবেশ তৈরি করে।**

নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল এবং নেটওয়ার্ক সংশ্লিষ্ট FCC শিক্ষা প্রদানকারী দল শিক্ষার্থী, পরিবার এবং স্টাফদের জন্য স্বাস্থ্যকর, যত্নশীল, এবং ভবিষ্যৎবাচ্য পরিবেশ তৈরী করে। {সহায়ক পরিবেশ}

| **নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল...**<br>**দৃষ্টান্ত:** নেটওয়ার্ক ডিরেক্টর, এডুকেশ ডিরেক্টর, এক্সিকিউটিভ ডিরেক্টর, বোর্ড অভ ডিরেক্টরগণ, সত্তাধিকারী, শিক্ষানির্দেশনা কোচ, মানসিক স্বাস্থ্য পেশাদার, ফ্যামেলি সাপোর্ট স্টাফ। |
|---|
| **2.1** ছেলেমেয়ে, পরিবার, FCC শিক্ষা প্রদানকারী দল, এবং সকল স্টাফদের মাঝে শ্রদ্ধামূলক ভাববিনিময় এবং আস্থার সম্পর্ক প্রতিষ্ঠা, দৃষ্টান্ত স্থাপন, এবং প্রত্যাশাকে জোরদার করে।<br>**2.2** ছেলেমেয়েদের সামাজিক-মানসিক শিক্ষণ উন্নয়ন এবং ভালো আচরণ বৃদ্ধি করার জন্য FCC শিক্ষা প্রদানকারী দল ও সকল স্টাফ যথোপযুক্ত প্রশিক্ষণ, সহায়সঙ্গিত এবং চলমান সহায়তা লাভ করছেন, সেটা নিশ্চিত করে।<br>**2.3** শিক্ষার্থী, পরিবার, এবং সকল স্টাফের চাহিদা কার্যকরভাবে মেটাতে সময়সূচী সমন্বয় করে।<br>**2.4** সকল প্রোগ্রামের স্থান নিরাপদ এবং স্বাগতমূলক, এবং শিক্ষার্থী, পরিবার, এবং স্টাফদের চাহিদা পূরণ করে।<br>**2.5** যথাযথ পরিমাণের উচ্চ মান-সম্পন্ন উপাদান দিয়ে প্রোগ্রামের স্থান সজ্জিত, সেটা নিশ্চিত করে।<br>**2.6** পরিবারসমূহের সাথে অংশিদারত্বের মাধ্যমে ছেলেমেয়েদের স্বাস্থ্য, নিরাপত্তা, এবং স্পেশাল এডুকেশনের বাধ্যবাধকতা সফলভাবে পর্যবেক্ষণ এবং পরিচালনা নিশ্চিত করে। পরিবারসমূহের সাথে যোগাযোগ |

| **FCC শিক্ষা প্রদানকারী দল...**<br>**দৃষ্টান্ত**: অনসাইট প্রভাইডার, সহকারী, অন্যান্য স্টাফ যাদের মধ্যে আছে: সাবস্টিটিউট (বিকল্প), ভলান্টিয়ার, কনসাল্ট্যান্ট এবং ইন্টার্নগণ্ |
|---|
| **2.7** শিক্ষার্থী, পরিবার, এবং সকল স্টাফের মধ্যে আস্থার সম্পর্ক মডেল এবং তৈরী করে।<br>**2.8** শিশুদের সামাজিক-আবেগজনিত শিক্ষণের ভিত্ তৈরি করে এবং ইতিবাচক আচরণ অগ্রসর করতে বিকাশজনিত-যথাযথ কৌশল ব্যবহার করে।<br>**2.9** শিশু শিক্ষার্থীদের চাহিদা পূরণের লক্ষ্যে অব্যাহত কিন্তু নমনীয় সময়সূচী প্রয়োগ করা।<br>**2.10** ইচ্ছাকৃতভাবে দিনের প্রতিটি অংশ নিরাপদ এবং সুস্বাস্থ্যকর অভ্যাস গঠনে সহায়তায় ব্যবহার করা।<br>**2.11** শিক্ষণ পরিবেশ এমনভাবে সাজানো যেন ছেলেমেয়েরা অন্যদের সাথে মেলামেশা করার সুযোগ পায় এবং স্বাধীনভাবে কর্মকাণ্ডে সম্পৃক্ত হতে পারে।<br>**2.12** পরিবার ও নেটওয়ার্ক স্টাফদের সাথে অংশিদারত্বের মাধ্যমে ছেলেমেয়েদের স্বাস্থ্য, নিরাপত্তা, এবং স্পেশাল এডুকেশনের বাধ্যবাধকতা সফলভাবে পর্যবেক্ষণ এবং পরিচালনা নিশ্চিত করে। |

**3. উচ্চ মানসম্পন্ন প্রোগ্রামসমূহ খেলাচ্ছলে শেখা এবং সংবেদনশীল পরিচর্যাকে অগ্রসর করে।।**

নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল এবং নেটওয়ার্ক সংশ্লিষ্ট FCC শিক্ষা প্রদানকারী দল শিক্ষার্থীদের বিভিন্ন খেলা-ভিত্তিক এবং ক্রমবিকাশী যথাযথ শিক্ষা অভিজ্ঞতায় সম্পৃক্ত করে, এবং শিক্ষার্থী যেসব বিষয়ে ভাল, তার পছন্দ, এবং প্রয়োজনের উপর ভিত্তি করে সে পরিচর্যা ও শিক্ষানির্দেশনা নিশ্চিত করবে। {কঠোর শিক্ষানির্দেশনা}

**নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল...**

**দৃষ্টান্ত:** নেটওয়ার্ক ডিরেক্টর, এডুকেশ ডিরেক্টর, এক্সিকিউটিভ ডিরেক্টর, বোর্ড অভ ডিরেক্টরগণ, সত্তাধিকারী, শিক্ষানির্দেশনা কোচ, মানসিক স্বাস্থ্য পেশাদার, ফ্যামেলি সাপোর্ট স্টাফ।

**3.1** শেখা এবং অন্বেষণে একটি খেলা-ভিত্তিক দৃষ্টিভঙ্গী প্রতিষ্ঠা করে, নজির স্থাপন করে এবং জোরদার করে।

**3.2** স্টাফ ও FCC শিক্ষা প্রদানকারী দলকে যথোপযুক্ত প্রশিক্ষণ, সহায়-সঙ্গতি ও চলমান সহায়তা প্রদান করে যাতে মিশ্র বয়সের কাঠামোয় গবেষণাভিত্তিক পাঠ্যক্রম বাস্তবায়ন করা যায়।

**3.3** নেটওয়ার্ক স্টাফ ও FCC শিক্ষা প্রদানকারী দল যথাযথ প্রশিক্ষণ, উপাদান, এবং সময় পায় নিশ্চিত করে যেন তথ্যবহুল নির্দেশনা প্রদানের জন্য যথার্থ এবং নির্ভরযোগ্য স্ক্রীনিং এবং মূল্যায়নের টুল ব্যবহার করতে পারে।

**3.4** যথার্থ মূল্যায়নের ডেটা সহ ডেটা সংগ্রহ ও বিশ্লেষণ করার অব্যাহত চক্রে FCC শিক্ষা প্রদানকারী দলকে সহায়তা প্রদান করে।

**3.5** FCC শিক্ষা প্রদানকারী দলের সহযোগিতামূলকভাবে চিন্তাভাবনা ও পরিকল্পনা করার সামঞ্জস্যপূর্ণ ও ইচ্ছা অনুযায়ী সুযোগ রয়েছে তা নিশ্চিত করে।

**FCC শিক্ষা প্রদানকারী দল...**

**দৃষ্টান্ত:** অনসাইট প্রভাইডার, সহকারী, অন্যান্য স্টাফ যাদের মধ্যে আছে: সাবস্টিটিউট (বিকল্প), ভলান্টিয়ার, কনসাল্ট্যান্ট এবং ইন্টার্নগণ)

**3.6** খেলা-ভিত্তিক শেখা এবং অন্বেষণ সহজতর করে।

**3.7** শিশুদের উন্নয়নের সকল ক্ষেত্রে শিক্ষায় সহযোগিতা করার জন্য যথাযথ বয়স অনুযায়ী গবেষণা-ভিত্তিক পাঠ্যক্রম ব্যবহার।

**3.8** ঐচ্ছিক মেলামেশার মাধ্যমে শিশুদের চিন্তাভাবনা এবং যোগাযোগের দক্ষতা বর্ধিতকরা।

**3.9** ড্যাটা অব্যাহত চক্রে সংগ্রহ, বিশ্লেষণ এবং ব্যবহার বাস্তবায়ন করা:

- পর্যবেক্ষণ এবং মেলামেশার মাধ্যমে শিশু এবং পরিবারের কাছ থেকে শিশুর জ্ঞান, দক্ষতা, এবং পছন্দ সম্পর্কে **ডেটা সংগ্রহ**
- একটি গবেষণা-ভিত্তিক যথার্থ মূল্যায়ন পদ্ধতি ব্যবহার করে, একটি ব্যপ্তিতে শিশুরা কীভাবে বেড়ে উঠছে এবং শিখছে তা বুঝতে **ড্যাটা বিশ্লেষণ**
- একটি ব্যপ্তিতে সকল শিশুদের বেড়ে ওঠা সহায়তা দিতে তথ্যবহুল চর্চায় **ড্যাটা ব্যবহার**

**3.10** শিক্ষা নির্দেশনা নিয়ে চিন্তাভাবনা এবং পরিকল্পনা করতে নেটওয়ার্ক জুড়ে এবং অন্যান্য স্টাফ ও FCC শিক্ষা প্রদানকারী দলের সাথে নিয়মিত একযোগে কাজ করে।

**4. 4. উচ্চমান সম্পন্ন প্রোগ্রাম প্রাথমিক সেবা প্রদানকারী, শিক্ষক এবং পক্ষসমর্থক হিসেবে পরিবারের ভূমিকা প্রচার করে।**

নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল এবং নেটওয়ার্ক সংশ্লিষ্ট FCC শিক্ষা প্রদানকারী দল পরিবার এবং কমিউনিটির সাথে সম্পর্ক তৈরি করে যেন শিশুদের বিকাশ এবং পূরো পরিবারের মঙ্গলের জন্য অর্থবহ সূযোগ এবং রিসোর্স প্রদান করতে পারে। {দৃঢ় পরিবার-কমিউনিটি বন্ধন}

**নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল...**

**দৃষ্টান্ত:** নেটওয়ার্ক ডিরেক্টর, এডুকেশ ডিরেক্টর, এক্সিকিউটিভ ডিরেক্টর, বোর্ড অভ ডিরেক্টরগণ, সত্তাধিকারী, শিক্ষানির্দেশনা কোচ, মানসিক স্বাস্থ্য পেশাদার, ফ্যামেলি সাপোর্ট স্টাফ।

4.1 পরিবারের সাথে সংশ্লিষ্ট হতে সকল নেটওয়ার্ক স্টাফ এবং FCC শিক্ষা প্রদানকারী দলকে প্রাসঙ্গিক এবং সাংস্কৃতিকভাবে সংবেদনশীল প্রশিক্ষণ, রিসোর্স, এবং অব্যাহত সহযোগিতা প্রদান করে।

**4.2** পরিবার এবং শিক্ষার্থীর শক্তি, চাহিদা, ইচ্ছা, এবং লক্ষ্যসমূহের পাশাপাশি এই লক্ষ্যগুলো অর্জনে তাদের অগ্রগতি অবহিত করতে পরিবারসমূহের সাথে অব্যাহত, উভয়-মুখি যোগাযোগের মডেল এবং সহায়তা করা

**4.3** কমিউনিটি সদস্য এবং সংস্থাদের সাথে সম্পর্ক গড়ে তুলুন যা পরিবারের পছন্দ, চাহিদা, এবং লক্ষ্য সমর্থন করে।

**4.4** পরিবারদের নেটওয়ার্কের ও কমিউনিটির অন্যান্য পরিবারের সাথে যোগস্থাপন করার সুযোগ দেবে, যেন তারা একে অন্যকে সহায়তা করতে পারে।

**4.5** এমন একটি পরিবেশ তৈরি করবে যেখানে পরিবারদের নেটওয়ার্ক এবং কমিউনিটির অংশীদার, নেতা এবং পরামর্শদাতা হিসেবে প্রত্যয়ন এবং ক্ষমতায়ন করা হবে।

**4.6** বিভিন্ন আর্লি কেয়ার এবং এডুকেশনাল সেটিংয়ে উন্নীত হতে শিশু এবং পরিবারদের সহযোগিতা এবং পরিষেবা সমন্বয় করে।

**FCC শিক্ষা প্রদানকারী দল...**

**দৃষ্টান্ত:** অনসাইট প্রভাইডার, সহকারী, অন্যান্য স্টাফ যাদের মধ্যে আছে: সাবস্টিটিউট (বিকল্প), ভলান্টিয়ার, কনসাল্ট্যান্ট এবং ইন্টার্নগণ)

**4.7** পরিবার এবং শিক্ষার্থীর শক্তি, চাহিদা, ইচ্ছা, এবং লক্ষ্যসমূহের পাশাপাশি এই লক্ষ্যগুলো অর্জনে তাদের অগ্রগতি অবহিত করতে পরিবারসমূহের সাথে অব্যাহত, উভয়-মুখি যোগাযোগের মডেল এবং সহায়তায় সম্পৃক্ত হয়

**4.8** পিতামাতাদের তাদের সন্তানের শিক্ষণ পরিবেশ পরিদর্শন করতে এবং তাদের প্রতিদিনের শিক্ষায় অংশগ্রহণ করতে আমন্ত্রণ জানানো হয়।

**4.9** শিক্ষার্থীদের শেখা এবং উন্নয়নে সহায়তা দেয়ার জন্য পরিবারের দক্ষতা বৃদ্ধিতে সুযোগ প্রদান।

**4.10** তাদের নিজেদের জন্য এবং তাদের সন্তানদের চাহিদা এবং লক্ষ্য অর্জনে যথাযথ রিসোর্সের সাথে পরিবারদের সাথে যোগাযোগ করাবে।

**4.11** পরিবারদের ক্লাসরুম, প্রোগ্রাম, এবং কমিউনিটির অংশীদার, নেতা এবং পরামর্শদাতা হিসেবে সেবা করার সুযোগ প্রদান।

**4.12** বিভিন্ন এডুকেশনাল সেটিংয়ে এবং সেথেকে উন্নীত হতে শিশু এবং পরিবারদের সহযোগিতা প্রদান করতে তথ্য এবং যোগাযোগ প্রদান করে

**5. উচ্চমান সম্পন্ন প্রোগ্রামগুলো অব্যাহত মান উন্নয়নের লক্ষ্যে একযোগে কাজ করে।**

নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল এবং নেটওয়ার্ক সংশ্লিষ্ট FCC শিক্ষা প্রদানকারী দল ড্যাটা ব্যবহার করে যেন পরিবার এবং কমিউনিটির সাথে অংশিদারিত্বের মাধ্যমে নেটওয়ার্ক এবং প্রোগ্রামের মান উন্নত করা যায়। {সহযোগিতামূলক শিক্ষকবৃন্দ}

**নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল...**

**দৃষ্টান্ত:** নেটওয়ার্ক ডিরেক্টর, এডুকেশ ডিরেক্টর, এক্সিকিউটিভ ডিরেক্টর, বোর্ড অভ ডিরেক্টরগণ, সত্তাধিকারী, শিক্ষানির্দেশনা কোচ, মানসিক স্বাস্থ্য পেশাদার, ফ্যামেলি সাপোর্ট স্টাফ।

**5.1** প্রোগ্রামের ও নেটওয়ার্কের শক্তিশালী দিকগুলো এবং অগ্রগতির ক্ষেত্রগুলো সম্পর্কে জানতে স্টাফ, FCC শিক্ষা প্রদানকারী দল এবং পরিবারদের কাছ থেকে সক্রিয়ভাবে মতামত গ্রহণ করে।

**5.2** প্রতিফলিত চর্চা মডেল করা, পেশাদারী লক্ষ্য নির্ধারণ, এবং অন্যান্য নেতৃস্থানীয়দের সাথে শেখার অভিজ্ঞতায় সম্পৃক্ত হয়।

**5.3** ব্যক্তিক (ইন্ডিভিজ্যুয়াল) শক্তিশালী এবং অগ্রগতির ক্ষেত্রের পাশাপাশি কার্যকর করার যোগ্য পরবর্তী ধাপসমূহের উপর স্টাফ ও FCC শিক্ষা প্রদানকারী দলের নিয়মিত গঠনমূলক, প্রামান্য ভিত্তিক মতামত প্রদান করে।

**5.4** স্টাফ ও প্রোভাইডারদের জন্য পেশাগত শিক্ষা যা তাদের একক স্টাফ/প্রোভাইডার লক্ষ্য এবং প্রোগ্রাম ও নেটওয়ার্কের লক্ষ্য এবং প্রোগ্রাম ও নেটওয়ার্কের লক্ষ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ, তেমন পার্থক্যকৃত সুযোগ চিহ্নিত করে বা প্রদান করে।

**5.5** প্রোগ্রান নেওয়ার্কের মান উন্নয়নে NYCDOE, অন্যান্য এজেন্সী, এবং কমিউনিটি পার্টনারদের সাথে একযোগে কাজ করে।

**5.6** নেটওয়ার্কের মান সম্পর্কে ডেটা সংগ্রহ, পর্যালোচনা এবং ব্যবহারের অব্যহত চক্রে সম্পৃক্ত হওয়া; যা স্টাফ, প্রোভাইডার, পরিবার, এবং কমিউনিটির সাথে অংশীদারীত্বের মাধ্যমে:

- বিভিন্ন মাধ্যম এবং একাধিক স্তর (ছেলেমেয়ে, শিক্ষকদের দল, শিক্ষণ পরিবেশ, পরিবার, কমিউনিটি, প্রোগ্রাম) থেকে **ডেটা সংগ্রহ** করে
- প্রোগ্রাম ও নেটওয়ার্কের শক্তিশালী দিক এবং অগ্রগতির ক্ষেত্রগুলো চিহ্নিত করতে **ডেটা বিশ্লেষণ** করে
- নেটওয়ার্কের লক্ষ্য পরিকল্পনা এবং অব্যাহত মান উন্নয়নের তথ্য পেতে **ডেটা ব্যবহার** করে

**FCC শিক্ষা প্রদানকারী দল...**

**দৃষ্টান্ত**: অনসাইট প্রোভাইডার, সহকারী, অন্যান্য স্টাফ যাদের মধ্যে আছে: সাবস্টিটিউট (বিকল্প), ভলান্টিয়ার, কনসাল্ট্যান্ট এবং ইন্টার্নগণ)

**5.7** প্রোগ্রামের শক্তিশালী দিকগুলো এবং অগ্রগতির ক্ষেত্রগুলো সম্পর্কে জানতে পরিবারদের কাছ থেকে সক্রিয়ভাবে মতামত গ্রহণ করে।

**5.8** পেশাগত লক্ষ্য এবং ক্লাসরুমের চর্চা উন্নত করতে নিয়মিতভাবে তাদের নিজেদের ব্যক্তিক (ইন্ডিভিজ্যুয়াল) শক্তি এবং অগ্রগতির ক্ষেত্রগুলোর প্রতি প্রতিফলন করে।

**5.9** তাদের নিজস্ব লক্ষ্য এবং প্রোগ্রামের লক্ষ্য সমতা রক্ষাকারী পেশাগত শিক্ষা অভিজ্ঞতা চিহ্নিতকরণ এবং সম্পৃক্ত হওয়া, এবং অন্যান্য আর্লি চাইল্ডহুড প্রফেশনালদের কাছ থেকে শেখার সুযোগ সন্ধান করে।

**5.10** মান উন্নয়নে প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দলকে শক্তিশালী দিক, চ্যালেঞ্জ, এবং সুযোগসমূহ সম্পর্কে মতামত প্রদান করে।

**5.11** ক্লাসরুমের মান উন্নয়নে NYCDOE-এর সহযোগিতা প্রদানকারী স্টাফ, অন্যান্য এজেন্সী, এবং কমিউনিটি পার্টনারদের সাথে সক্রিয়ভাবে সম্পৃক্ত হয়।

**5.12** লক্ষ্য স্থাপন এবং অব্যাহত মান উন্নয়নের তথ্য প্রদানে প্রোগ্রাম ও নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল, নেটওয়ার্ক স্টাফ, শিক্ষাপ্রদানকারীদের দল, পরিবার, এবং কমিউনিটির সাথে একযোগে কাজ করে।

**6. উচ্চমান সম্পন্ন প্রোগ্রাম কৌশলগত নেতৃত্ব প্রদর্শন করে।**

নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল এবং নেটওয়ার্ক সংশ্লিষ্ট FCC শিক্ষা প্রদানকারী দল একটি অংশিদারত্বের মান সংক্রান্ত দর্শন প্রচার ও সম্পাদন করার জন্য সাংগঠনিক সংস্কৃতি, কাঠামো, এবং রিসোর্স প্রস্তুত এবং ব্যবহার করে। {কার্যকর স্কুল নেতৃত্ব}

**নেটওয়ার্কের নেতৃত্বপ্রদানকারী দল...**

**দৃষ্টান্ত:** নেটওয়ার্ক ডিরেক্টর, এডুকেশ ডিরেক্টর, এক্সিকিউটিভ ডিরেক্টর, বোর্ড অভ ডিরেক্টরগণ, সত্তাধিকারী, শিক্ষানির্দেশনা কোচ, মানসিক স্বাস্থ্য পেশাদার, ফ্যামেলি সাপোর্ট স্টাফ।

**6.1** স্টাফ, FCC শিক্ষা প্রদানকারী দল, পরিবার, এবং কমিউনিটির সাথে অংশীদারিত্বে দীর্ঘ-মেয়াদী নেটওয়ার্ক এবং প্রোগ্রামের মানের জন্য একটি বাধ্যতামূলক দৃষ্টিভঙ্গী প্রস্তুত এবং প্রচার করে।

**6.2** যোগ্য স্টাফ ও FCC প্রোভাইডার সংগ্রহ, নিয়োগ, এবং ধরে রাখা, এবং স্টাফদের অর্থবহ নেতৃত্বদানের সুযোগ প্রদান করে।

**6.3** একটি প্রাতিষ্ঠানিক সংস্কৃতি গড়ে তুলতে এবং অব্যাহত রাখতে নেটওয়ার্ক স্টাফ, FCC শিক্ষা প্রদানকারী দল, পরিবার, এবং কমিউনিটির সাথে একটি শেয়ারকৃত প্রোগ্রামের দৃষ্টিভঙ্গীর লক্ষ্যে কাজ করে।

**6.4** নেটওয়ার্ক ও FCC শিক্ষা প্রদানকারী দলের অভ্যন্তরে স্পষ্ট ভূমিকা এবং দায়িত্ব প্রতিষ্ঠা এবং প্রচার এবং ন্যায্য ও দায়বদ্ধতার অব্যাহত প্রক্রিয়া বাস্তবায়ন করে।

**6.5** কার্যকর এবং দীর্ঘস্থায়ী নেটওয়ার্ক এবং প্রোগ্রাম পরিচালনার কাঠামো তৈরি এবং বাস্তবায়ন করে।

**6.6** নেটওয়ার্ক ও প্রোগ্রামের দৃষ্টিভঙ্গীর সাথে রিসোর্স কৌশলগতভাবে সামঞ্জস্যকৃত করতে জবাবদিহিমূলক বাজেট প্রস্তুত এবং অর্থ ব্যবস্থাপনার চর্চা ব্যবহার করে।

**FCC শিক্ষা প্রদানকারী দল...**

**দৃষ্টান্ত**: অনসাইট প্রোভাইডার, সহকারী, অন্যান্য স্টাফ যাদের মধ্যে আছে: সাবস্টিটিউট (বিকল্প), ভলান্টিয়ার, কনসাল্ট্যান্ট এবং ইন্টার্নগণ)

**6.7** একটি শেয়ারকৃত প্রোগ্রামের দর্শন তৈরিতে এবং প্রচারে নেটওয়ার্ক ও প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল, পরিবার এবং কমিউনিটির সাথে একযোগে কাজ করে।

**6.8** শেয়ারকৃত প্রোগ্রামের দর্শনে সহায়তা করবে এমন একটি প্রাতিষ্ঠানিক সংস্কৃতি গড়ে তুলতে অবদান রাখে।

**6.9** শেয়ারকৃত প্রোগ্রামের দর্শন প্রতিফলন এবং অগ্রসর করে এমন একটি কমিউনিটি গড়ে তোলে।

**6.10** প্রোগ্রামের মান সংক্রান্ত সকল বিষয়ে সহায়তা করতে সিস্টেম গ্রহণ, পরিমার্জন, এবং বাস্তবায়ন করে।

**6.11** নিয়োগ সংক্রান্ত এবং সরঞ্জামের প্রয়োজনীয়তা সক্রিয়ভাবে চিহ্নিত করে এবং জানিয়ে দেয়, এবং তাদের মিশ্র বয়সের শিক্ষণ পরিবেশকে উন্নত করতে রিসোর্স কার্যকরভাবে ব্যবহার করে।